# জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুর্নীতির অভিযোগ তদন্তে কমিটি

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর

১৩ নভেম্বর, ২০২৪ ১৯:২৪

শেয়ার

অ +

অ -




জাতীয় বিশ্ববিদ্যালয়ের লোগো।

আওয়ামী লীগ সরকারের শেষ ১২ বছরের অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তদন্তে কমিটি গঠন করেছে জাতীয় বিশ্ববিদ্যালয়ে। বুধবার (১৩ নভেম্বর) ১১ সদস্য বিশিষ্ট ওই কমিটি প্রকাশ করা হয়। কিন্তু ৩ নভেম্বর জাতীয়

বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ২৬৩তম সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

১১ সদস্যের কমিটির আহ্বায়ক করা হয়েছে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর মো. লুৎফর রহমানকে।

এ ছাড়া অপর প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. নুরুল ইসলাম, ট্রেজারার প্রফেসর ড. এ টি এম জাফরুল আযম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. কামরুল হাসান, আইনজীবী ব্যারিস্টার সারাহ হোসেন ও ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া, জাতীয় প্রেসক্লাবের সাবেক সভাপতি সৈয়দ আবদাল আহমদ উল্লেখযোগ্যদের মধ্যে রয়েছে। উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

বুধবার প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ২০১২ সালের জুলাই থেকে ২০২৪ সালের জুলাই পর্যন্ত সময়ে উঠা সব ধরনের ক্রয়-বিক্রয়, অবকাঠামো নির্মাণ, বাড়ি-ভাড়া, গাড়ি ব্যবহার, প্রকাশনাসহ বিভিন্ন ক্ষেত্রে আর্থিক ও প্রশাসনিক চরম অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তদন্তে সত্য অনুসন্ধান কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয়। ওই সময়ের বিশ্ববিদ্যালয়ে যে কোনো প্রকার আর্থিক ও প্রশাসনিক অনিয়ম-দুর্নীতি থাকলে তা চিহ্নিত করবে কমিটি। প্রশাসনিক, অ্যাকাডেমিক ও আর্থিক কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের আইন, সংবিধি-রুলস-রেগুলেশন ও সরকারি বিধিবিধান লঙ্ঘিত হয়ে থাকলে তা নিশ্চিত করবে এই সত্যানুসন্ধান কমিটি।